



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 13



Class: 4

Subject: Bengali Text (ভোম্বোল সর্দার)

Date: 11/09/2020

১। ভোম্বোলের খিদে পাওয়ায় সে কী খাচ্ছিল ? খেতে খেতে সে কী দেখতে পেল ?
তখন সে কী করল ?

উঃ ভোম্বোলের খিদে পাওয়ায় সে নাসপাতিটা কাপড়ের খুঁট থেকে খুলে খাচ্ছিল ।
খেতে খেতে সে কুমোরের বাতাবিলেবুর গাছটা দেখতে পেল ।

কুমোরের বাতাবিলেবুগুলো পেকে সোনার তালের মতো দেখাচ্ছিল । লেবুগুলো
দেখে তার খুব লোভ হলো । সে এদিক ওদিক কাউকে দেখতে না পেয়ে
কাপড়খানা গুছিয়ে কাঠবেড়ালির মতো গাছে উঠে গেছিল ।

২। ‘দুজনেই গাছে চড়তে ওস্তাদ’ ----দুজনে কে কে ? তারা কেন গাছে উঠেছিল ?

উঃ দুজনে হলো কুমোর আর ভোম্বোল ।

ভোম্বোল একদিন ঘুরতে ঘুরতে কুমোরের বাড়ীর কাছে এসে তার বাতাবিলেবু
গাছটা দেখতে পেয়েছিল । বাতাবিলেবু গাছটা লেবুতে ভরা ছিল । পাকা পাকা
সোনার তালের মতো বাতাবিলেবু দেখে ভোম্বোলের খুব লোভ হয়েছিল ।
বাতাবিগাছে ওঠার সময় পাতার খসখস শব্দে কুমোর আর কুমোরের বউ এসে
তাকে গাছ থেকে নামতে বলল । ভোম্বোল নামছিল না দেখে কুমোর ভোম্বোলকে
ধরবার জন্য গাছে উঠেছিল ।

৩। ‘এবার ভোম্বোলের খুব রাগ ও অপমান বোধ হল’ – ভোম্বোলের রাগ ও
অপমানের কারন কী ছিল ?

উঃ ভোম্বোল গ্রামের একটি সাধারণ সরল মনের ছেলে । সে একদিন ঘুরতে ঘুরতে
কুমোর বাড়ীর বাতাবি গাছটা দেখেছিল । বাতাবি গাছের পাকা পাকা বাতাবি লেবু
দেখে তার খুব ইচ্ছা হলো বাতাবিলেবু খাওয়ার । লেবু পাড়ার জন্য গাছে উঠল আর

লেবুছেঁড়ার শব্দে কুমোর আর কুমোরের বউ এসে হাজির । তারা দুজনে তাকে নামতে বলল ।ভোস্বোল গাছ থেকে না নামায় তারা তার পরিচয় জানতে চাইল । ভোস্বোল নিজেকে চাকি মশাইয়ের ছেলে বলে পরিচয় দেয় । তাতেই কুমোরের বউ তাকে ‘চোর’ আর মিথ্যাবাদী বলেছিল ।এই কথাটি শুনে ভোস্বোলের অপমান বোধ হয়েছিল ।

৪।গোলমাল শুনে কারা ছুটে এসেছিল ? এই ঘটনায় তারা আনন্দিত হল কেন ?

উঃ গোলমাল শুনে পাড়ার ছেলেরা ছুটে এসেছিল ।

কুমোর খুব কিপটে প্রকৃতির লোক ছিল । সে তার বাড়ীর ফল কাউকে দিত না । ভোস্বোল অন্য পাড়ার ছেলে ছিল । সে এসে কুমোরের গাছের ফল চুরি করে পালাচ্ছে দেখে তারা আনন্দিত হয়েছিল ।